

# উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়

পুন্ডিবাড়ী, কোচবিহার, পশ্চিমবঙ্গ- ৭৩৬১৬৫  
**UTTAR BANGA KRISHI VISWA VIDYALAYA**  
P.O. PUNDIBARI, DIST. COOCH BEHAR, WEST BENGAL- 736165

ড: চিরন্তন চট্টোপাধ্যায়  
উপাচার্য

**Dr. Chirantan Chattopadhyay**  
M.Sc (Ag.)(BCKV), Ph.D. (IARI)  
ICAR: ARS  
FNAASC, FPSI, FPPAI, FISMP, FISOR  
FIMS, FSRMR  
**Vice-Chancellor**



ফোন/Phone: 03582-270141/270013 (O)  
ফ্যাক্স/Fax: 03582-270249  
মো°/Mob: +91-9434748016  
ইমেল/E-mail: [vcubkv@gmail.com](mailto:vcubkv@gmail.com)  
ওয়েবসাইট/ Website: [www.ubkv.ac.in](http://www.ubkv.ac.in)

Ref. No. VC/UBKV- 3085

Date: 06 Apr 2020

## করোনা মোকাবিলায় দানের জন্য বিনম্র নিবেদন

আমার সম্মানীয় সহকর্মী (শিক্ষক, আধিকারিক, কর্মচারীগণ) এবং বাকী সকলের প্রতি (ছাত্রবৃন্দ, গবেষকগণ) যাহারা উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের সহিত অঙ্গঙ্গীরূপে জড়িত।

আমার প্রিয় সহকর্মীবৃন্দ সমীপেষু

আমি আশা করি আপনারা সকলেই এবং আপনাদের পরিবারের সকল সদস্যগণ সুস্থভাবে গৃহাভ্যন্তরে নিরাপদে জীবনযাপন করিতেছেন। বর্তমানে COVID-19-এর করাল ভুকুটিতে সমগ্র পশ্চিমবঙ্গ, সমগ্র দেশ এবং সমগ্র বিশ্ব বেদনায় জর্জরিত। যদিও আপনারা প্রত্যেকেই আপনাদের সাধ্যমত এই বিপদের বিরুদ্ধে সংগ্রাম করিতেছেন, তথাপি ইহাও অনস্বীকার্য যে বহু সংখ্যক ব্যক্তিবর্গ প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত এবং এই লকডাউন দরিদ্র শ্রেণীভুক্ত নাগরিকবৃন্দ তথায় দৈনিক মজুরি ভিত্তিক শ্রমজীবীবৃন্দের ব্যাপক ক্ষতি করিয়াছে। বর্তমান অতিমারীতে ক্ষতিগ্রস্ত শ্রেণীকে ত্রাণ এবং পুনর্বাসন প্রদান আপাততঃ সরকারের সম্মুখে এক অতীব প্রয়োজনীয় কাজ।

উপরোক্ত ঘটনাপ্রসঙ্গে এবং একান্ত আন্তরিকতা পূর্বক আমি পরিপূর্ণ শ্রদ্ধার সহিত আপনাদের “WEST BENGAL STATE EMERGENCY RELIEF FUND” বিধায় স্বেচ্ছাদান করিতে অনুরোধ করিতেছি। উক্ত দান “ভারতীয় আয়কর বিধি ৮০-জি” ধারা কর্তৃক প্রদত্ত সুবিধাপ্রাপ্ত বলিয়া গণ্য হইবে।

- ১) ইচ্ছুক ব্যক্তিবর্গকে নিম্নবিধৃত/নিম্নবর্ণিত ‘ফর্ম্যাট’ পূর্ণ করিয়া ১৪ই এপ্রিল, ২০২০ (মঙ্গলবার) দিবস অতিবাহিত হইবার পূর্বে নিম্নলিখিত Email-এর মাধ্যমে জমা করিতে হইবে -

[ubkv.relief@gmail.com](mailto:ubkv.relief@gmail.com)

মাননীয় মহাগানিক, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়, সমীপেষু

প্রিয় মহাশয়,

আমি স্বেচ্ছায় একদিনের সম্পূর্ণ বেতন ..... টাকা বিশ্ববিদ্যালয়কে দান করিতে ইচ্ছুক। উক্ত প্রদত্ত অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক WEST BENGAL STATE EMERGENCY RELIEF FUND-এর উদ্দেশ্যে প্রেরিত হউক।

উক্ত অর্থ আমার এপ্রিল ২০২০ সঞ্চয়ী বেতন বিল হইতে উপরিউক্ত খাতে অপসৃত হউক।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

পূর্ণ স্বাক্ষর : .....

তারিখ : .....

নাম : .....

পদ : .....

- ২) Bank details for making Contributions through Cheque/ Online/ Debit & Credit Card/ UPI are as follows: A/c Name : West Bengal State Emergency Relief Fund.

Bank: ICICI Bank Ltd., Branch: Howrah; A/c No: 628005501339; IFSC Code: ICIC0006280;  
Swift Code: ICICINBBCTS; MICR Code: 700229010

- ৩) পশ্চিমবঙ্গ সরকারের প্রাসঙ্গিক ওয়েবসাইট যথা <https://wb.gov.in/COVID-19.aspx> -এর প্রয়োগক্রমে বৈদ্যুতিন মাধ্যমে ত্রাণ তহবিলে দান করা যাইতে পারে।

আমি নিশ্চিত যে আপনাদের এই মহত উদার দান COVID-19 -এর বিরুদ্ধে সংগ্রামকে আরও তীব্রতর করিবে।

আপনার সদর্থক প্রত্যুত্তরের কামনায় এবং আপনাকে অগ্রিম ধন্যবাদান্তে।

বাড়ীতে থাকুন, নিরাপদ থাকুন, সুস্থ থাকুন।

শ্রদ্ধা, শুভকামনা ও নমস্কারান্তে -

চিরন্তন চট্টোপাধ্যায়